অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/7/2022 **গভর্নর ক্যাথি হোকল**

স্টেটজুড়ে শিশুদের মধ্যে দারিদ্র্য কমিয়ে আনার জন্য প্রথমবারের মতো অ্যাডভাইজরি কাউন্সিল চালু করা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

আগামী দশকের মধ্যে নিউ ইয়র্ক স্টেটে শিশুদের দারিদ্র্য অর্ধেকে কমিয়ে আনার জন্য শিশুদের দারিদ্র্য বিমোচন বিষয়ক অ্যাডভাইজরি কাউন্সিল সমবেত হবে

2021 সালে নিউ ইয়র্কে আনুমানিক প্রতি পাঁচজন শিশুর মধ্যে একজন দারিদ্র্যের মধ্যে বাস করছিল বলে ধারণা করা হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজ শিশুদের দারিদ্র্য বিমোচন বিষয়ক অ্যাডভাইজরি কাউন্সিল (Child Poverty Reduction Advisory Council) চালু করার ঘোষণা দিয়েছেন যা আগামী দশকের মধ্যে শিশুদের দারিদ্র্য অর্ধেকে কমিয়ে আনার জন্য একটি পরিকল্পনা প্রণয়ন করবে। শিশুদের দারিদ্র্য বিমোচন আইন (Child Poverty Reduction Act)-এর মাধ্যমে অনুমোদন হওয়া এই বৈচিত্র্যপূর্ণ প্যানেল বৃহস্পতিবার, 13 অক্টোবর তারিখে আলবানিতে এটির প্রথম বৈঠকের সময়ে এই পরিকল্পনা প্রণয়ন করতে শুরু করবে।

"সব নিউ ইয়র্কবাসীর জন্য - বিশেষ করে আমাদের সবচেয়ে কমবয়সীদের জন্য - দারিদ্র্য প্রশমন করা আমার প্রশাসনের একটি প্রধান অগ্রাধিকার," **বলেছেন গভর্নর হোকল।** "নীতিমালা বিষয়ক বিশেষজ্ঞ, পরিষেবা প্রদানকারী, অ্যাডভোকেট, এবং কমিউনিটি সদস্যদের এই মেধাবী ও বৈচিত্র্যপূর্ণ গ্রুপ এই লক্ষ্যকে এগিয়ে নেওয়ার জন্য এবং নিউ ইয়র্ক স্টেটজুড়ে কমিউনিটিগুলোতে দারিদ্র্যের স্থায়ী চক্র তৈরি করা বিস্তৃত ও পদ্ধতিগত অসমতা মোকাবেলা করার জন্য প্রমাণিত কর্মকৌশল এবং নতুন পদ্ধতি উভয়টিকে পরীক্ষা করে দেখবে।"

আগামী দশ বছরের মধ্যে নিউ ইয়র্ক স্টেটে শিশুদের দারিদ্র্যের হার 50 শতাংশ কমিয়ে আনার জন্য প্রমাণ-ভিত্তিক সুপারিশ প্রদানের দায়িত্ব এই কাউন্সিলকে অর্পণ করা হচ্ছে। এই প্রচেষ্টার অংশ হিসেবে, এই কাউন্সিল সমন্বিত ডাটা বিশ্লেষণ সম্পন্ন করবে, বার্ষিক বেঞ্চমার্ক বিশিষ্ট একটি টাইমলাইন তৈরি করবে, শিশুদের দারিদ্র্য কমানোর ক্ষেত্রে স্টেটের অগ্রগতি পরিমাপের জন্য কার্যকর মেট্রিক্স নির্ধারণ করবে, এবং রিপোর্ট ইস্যু করবে।

এই কাউন্সিলের সহ-সভাপতি হিসেবে রয়েছেন গভর্নর হোকলের মানব সেবা এবং মানসিক স্বাস্থ্যবিধি বিষয়ক ডেপুটি সেক্রেটারি, জিহুন কিম, এবং স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance) কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ।

গভর্নরের মানব সেবা এবং মানসিক স্বাস্থ্যবিধি বিষয়ক ডেপুটি সেক্রেটারি, জিহুন কিম বলেন, "এই কাউন্সিলের সহ-সভাপতি হিসেবে আমাকে নিয়োগ প্রদান করায় আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ। এই প্রশাসন অনেক বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসী, বিশেষ করে আমাদের শিশুদের সম্মুখীন হওয়া অর্থনৈতিক, মানসিক ও আবেগ সংক্রান্ত চাপ প্রশমিত করার জন্য সুদৃঢ় পদক্ষেপ গ্রহণ করার জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছে। এই কাউন্সিল বিস্তৃত পরিসরভিত্তিক নীতিমালা সমাধানগুলোর ব্যাপারে ঐক্যমত গঠনের উপর জোর দেবে, যেসব সমাধান সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে, যেমন অশ্বেতাঙ্গ কমিউনিটিগুলোকে, দারিদ্র্য থেকে মুক্তি লাভ করতে এবং অর্থনৈতিক নিরাপত্তা অর্জন করতে সাহায্য করতে পারবে।"

নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন, "এই কাউন্সিলের সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করতে পারা একটি সম্মানের বিষয় এবং আগামী দশক জুড়ে শিশুদের দারিদ্র্য অর্ধেকে কমিয়ে আনার জন্য আমরা ব্যবহার করতে পারবো এমন একটি ব্লুপ্রিন্ট তৈরির অতি গুরুত্বপূর্ণ কাজ শুরু করতে পেরে আমরা উচ্ছসিত। এই কাউন্সিলের কার্যক্রমের উদ্দেশ্য হচ্ছে আমাদের সবচেয়ে প্রান্তিক ও অরক্ষিত সঙ্গী নিউ ইয়র্কবাসীদের কিছু অংশের ক্ষমতায়ন করা এবং সবচেয়ে অভাবী মানুষদের জন্য জীবনের মান উন্নত করা।"

এই কাউন্সিলের বিধিবদ্ধ সদস্যপদের মধ্যে রয়েছে:

- স্টেটের শিশু ও পরিবার বিষয়ক পরিষেবার দপ্তরের (Office of Children and Family Services) কমিশনার শেইলা পুলি
- স্টেটের ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন এন্ড ফিন্যান্স (Department of Taxation and Finance)-এর ডেপুটি কমিশনার অব প্রসেসিং এন্ড ট্যাক্সপেয়ার সার্ভিসেস ক্রিস্টিন ডেন্স
- স্টেটের শিশু ও পরিবার বিষয়ক কাউন্সিলের (Council on Children and Families) ডেপুটি ডিরেক্টর ও কাউন্সেল এলানা মার্টিন
- চিলড্রেন'স ডিফেন্স ফান্ড (Children's Defense Fund)-এর সাবেক ডিরেক্টর অব হেলথ এন্ড ইকোনোমিক জাস্টিস পলিসি বেন অ্যান্ডারসন
- রবিন হুড ফাউন্ডেশনের (Robin Hood Foundation) CEO রিচার্ড বিউরি
- কমিউনিটি সদস্য ক্যান্ডেস ক্যাব্রাল
- কমিউনিটি সদস্য পামেলা ওয়ালকট
- মোহাক ভ্যালি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (Mohawk Valley Regional Economic Development Council)-এর সদস্য শেলি কালাহান
- সাদার্ন টিয়ার আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (Southern Tier Regional Economic Development Council)-এর সদস্য ক্যাথি কনার্টন

- স্কুয়েলার সেন্টার ফর অ্যানালাইসিস এন্ড অ্যাডভোকেসি (Schuyler Center for Analysis and Advocacy)-এর প্রেসিডেন্ট ও CEO কেট ব্রেসলিন
- ওয়েস্টচেস্টার চিলড্রেন'স অ্যাসোসিয়েশন (Westchester Children's Association)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর অ্যালিসন লেক
- দ্য চিলড্রেন'স এজেন্ডা (The Children's Agenda)-এর ডিরেক্টর অব পলিসি পিটার নাবোযনি
- দ্য এডুকেশন ট্রাস্ট (The Education Trust)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর ডিয়া ব্রায়ান্ট
- নিউ ইয়র্ক সিটি মানব সম্পদ প্রশাসন (New York City Human Resources Administration)-এর অ্যাডমিনিস্ট্রেটর লিসা ফিটজপ্যাট্রিক
- এরি কাউন্টি ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিসেস (Erie County Department of Social Services)-এর কমিশনার ম্যারি ক্যাননন

অ্যানি ই. ক্যাসি ফাউন্ডেশন (Annie E. Casey Foundation) এর দ্বারা সংকলিত যুক্তরাষ্ট্রের আদমশুমারি ব্যুরোর (Census Bureau) ডাটা অনুযায়ী 2021 সালে হাজার হাজার শিশু দারিদ্র্যের মধ্যে বাস করেছে। এটি স্টেটজুড়ে 15 শতাংশের বেশি অথবা প্রায় প্রতি পাঁচজন শিশুর মধ্যে একজনের প্রতিনিধিত্ব করে।

নিউ ইয়র্ক স্টেটের শিশুদের দারিদ্র্য বিমোচন বিষয়ক অ্যাডভাইজরি কাউন্সিল আলবানিতে এম্পায়ার স্টেট প্লাজায় (Empire State Plaza) মিটিং রুম 6-এ বৃহস্পতিবার, 13 অক্টোবর সকাল 10 টার সময় এটির প্রথম বৈঠক পরিচালনা করবে। এই বৈঠক জনসাধারণের জন্য উন্মুক্ত থাকবে এবং কাউন্সিলের আলোচনার বিষয়বস্তু সহ অনলাইনেও দেখা যাবে, যা বৈঠকের আগের দিন এই লিংকে পাওয়া যাবে: otda.ny.gov/news/meetings/।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418